

নম্বর : ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭.৫০৮

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস, পিতা: মৃত নুর হোসেন বিশ্বাস, গ্রাম: কুড়িগ্রাম, ডাকঘর: রতনগঞ্জ, উপজেলা: নড়াইল সদর, জেলা: নড়াইল, নড়াইল পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান এবং জেলা পরিষদ, নড়াইল এর বর্তমান নির্বাচিত চেয়ারম্যান; এবং


২। যেহেতু, তাঁর বিরুদ্ধে ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনে দায়েরকৃত বিজ্ঞ স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে দায়েকৃত স্পেশাল মামলা নং ১২/২০০৯ মূলে দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারার অপরাধের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ৫(পাঁচ) বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০.০০ টাকা (দশ হাজার টাকা) অর্থদণ্ড অনাদায়ে আরও ৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১০ এর উপ-ধারা (১)(গ)-তে উল্লেখ রয়েছে, “চেয়ারম্যান বা কোন সদস্য তাঁহার স্বীয় পদ হইতে অপসারণযোগ্য হইবেন, যদি তিনি—(গ) দুর্নীতি বা অসদাচরণ বা নৈতিক স্বলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হন।”

৪। সেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১০ এর উপ-ধারা (১)(গ) অনুযায়ী জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস-কে জেলা পরিষদ, নড়াইল এর চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭.৫০৮/১(৩০)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ৯। জেলা প্রশাসক, নড়াইল।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৪র্থ তলা, গেইট নং-৪) সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়াইল।
- ১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৬। জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস, প্রাক্তন চেয়ারম্যান, জেলা পরিষদ, নড়াইল।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব